স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মসূচী প্রণয়ণ সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রহিমা সুলতানা বুশরা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| তারিখ | ঃ | ০২-০৮-২০২৩ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.০০ টা |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথকভাবে নথিতে সংরক্ষিত

সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ও ১৫ আগস্টের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে আলোচনার সূত্রপাত করেন। বিগত বছরের প্রস্তুতি মূলক সভার কার্যবিবরণী এবং অন্যান্য সংশ্লিষ্ট পত্রসমূহ সভায় পাঠ করা হয়।

(২) বিস্তারিত আলোচনা শেষে ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপেজলায় জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়।

**১৫ আগস্ট জাতীয় শোক দিবসের কর্মসূচি ঃ**

| সময় | কর্মসূচী | স্থান | বাস্তবায়নে/ উপকমিটি |
|---|---|---|---|
| ১৩ আগস্ট ২০২৩ | (১) চিত্রাঙ্কন প্রতিযোগিতা (বঙ্গবন্ধুর প্রতিকৃতি) (ক) গুপ (১ম - ৫ম শ্রেণি):<br>(২) বুক রিভিউ (১০০০ শব্দের মধ্যে) খ-গ্রুপ (৬ষ্ঠ - ১০ম শ্রেণি) নির্ধারিত বই "অসমাপ্ত আত্মজীবনী',<br>(৩) কুইজ প্রতিযোগিতা গ-গ্রুপ (১১শ - ১২শ শ্রেণি) নির্ধারিত বই - 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোজনামচা | উপজলা পরিষদ অডিটোরিয়ামে | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)<br>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ - আহবায়ক<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর. কালিগঞ্জ - সদস্য<br>৪। সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ. কালিগঞ্জ - সদস্য<br>৫। জনাব গাজী আজিজুর রহমান- - সদস্য<br>৬। জনাব সুকুমার দাস বাচ্চু - সদস্য<br>৭। জনাব আশেক মেহেদী - সদস্য<br>৮। জনাব এ্যাডোকেট জাফরুল্লাহ ইব্রাহিম - সদস্য |
| ১৫ আগস্ট ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারী ভবনসমূহে | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ/ ভবনের মালিকগণ<br>(সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ ও অফিসার ইনচার্জ, কালিগঞ্জ থানা তদারকী করবেন) |
| সকাল ১০.০০ টা | পুস্পস্তবক অর্পণ | উপজেলা পরিষদ গেট সংলগ্ন বঙ্গবন্ধুর ম্যুরাল | ১। সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ - আহবায়ক<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ - সদস্য<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৪। বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাকিম - সদস্য |
| সকাল ১০.১৫ টা | ১৫ আগস্টের আলোচনা সভা, প্রামান্য চিত্র প্রদর্শন | উপজলা পরিষদ অডিটোরিয়ামে | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)<br>১। সহকারী প্রোগ্রামার, আইসিটি কালিগঞ্জ - আহবায়ক<br>২। সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ, কালিগঞ্জ - সদস্য<br>৩। তথ্য আপা, কালিগঞ্জ - সদস্য<br>৪। চেয়ারম্যান সকল ইউপি - সদস্য<br>৫। সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব/ রিপোর্টাস ক্লাব, বাংলাদেশ সাংবাদিক সমিতি, অনলাইন প্রেস ক্লাব - সদস্য<br>৬। সভাপতি/ সম্পাদক মুক্তিযোদ্ধা সন্তান কমান্ড - সদস্য |
| বেলা ১১.০০ টা | জাতীয় শোক দিবসের সাথে সংগতিপূর্ণ সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজলা পরিষদ অডিটোরিয়ামে | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)<br>১। সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ - আহবায়ক<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর. কালিগঞ্জ - সদস্য<br>৫। সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ. কালিগঞ্জ - সদস্য<br>৬। চেয়ারম্যান সকল ইউপি - সদস্য<br>৭। জনাব গাজী আজিজুর রহমান - সদস্য<br>৮। জনাব সুকুমার দাস বাচ্চু - সদস্য<br>৯। জনাব আশেক মেহেদী - - সদস্য |
| বেলা ১১.১৫ টা | উপজেলা যুব উন্নয়ন অফিসার কর্তৃক এ উপজেলায় যুবকদের মাঝে ঋণ বিতরণ ও বিভিন্ন প্রতিযোগিতার পুরষ্কার বিতরন | উপজলা পরিষদ অডিটোরিয়ামে | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)<br>১। সহকারী কমিশনার( ভূমি) কালিগঞ্জ - আহবায়ক<br>২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার - সদস্য<br>৩। অফিসার ইনচার্জ কালিগঞ্জ থানা, সাতক্ষীরা - সদস্য<br>৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য |

| | | | |
|---|---|---|---|
| | | | ৬। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ - সদস্য<br>৭। জনাব গাজী আজিজুর রহমান - সদস্য<br>৮। সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, রিপোর্টার্স ক্লাব, বাংলাদেশ সাংবাদিক সমিতি,অনলাইন প্রেস ক্লাব - সদস্য<br>৯। সভাপতি/ সম্পাদক মুক্তিযোদ্ধা সন্তান কমান্ড - সদস্য<br>১০। সাধারণ সম্পাদক উপজেলা শিল্পকলা একাডেমী - সদস্য<br>১১। সাধারণ সম্পাদক উপজেলা ক্রীড়া সংস্থা -সদস্য<br>১২। জনাব আশেক মেহেদী - -সদস্য<br>১৩। জনাব এ্যাডভোকেট জাফরুল্লাহ ইব্রাহিম - সদস্য<br>১৪। জনাব কনিকা সরকার - সদস্য |
| মসজিদসমূহে বাদ জোহর এবং অন্যান্য ধর্মীয় উপসনালয়ে সুবিধাজনক সময়ে | মসজিদ, মন্দির, গীর্জায় বিশেষ প্রার্থনা | স্ব-স্ব মসজিদ, মন্দির, গীর্জায় | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ,<br>(সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন এবং সভাপতি/ সাধারণ সম্পাদক, পুরোহিত সমিতি, কালিগঞ্জ বিষয়টি নিশ্চিত করবেন) |
| সুবিধামত সময়ে | সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজ নিজ ব্যবস্থাপনায় আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন | সকল শিক্ষা প্রতিষ্ঠানে | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ<br>(উপজেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক শিক্ষা অফিসার বিষয়টি নিশ্চিত করবেন) |

০৩। উপজেলার সকল কর্মকর্তা ও কর্মচারী ০১ আগস্ট হতে ৩১ আগস্ট পর্যন্ত মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবেন।

০৪। জাতীয় শোক দিবসের আয়োজিত অনুষ্ঠানসমূহে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ এর আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে উপজেলা পর্যায়ের অনুষ্ঠনসমূহে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।

০৫। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পতাকা অর্ধনমিত রাখা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজ নিজ ব্যবস্থাপনায় জাতীয় শোক দিবস এর কর্মসূচী পালন নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জকে অনুরোধ করা হয়।

০৬। ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।

০৭। জাতীয় শোক দিবস উপলক্ষে গৃহীত সকল অনুষ্ঠানের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের জন্য অফিসার ইন-চার্জ, কালিগঞ্জ থানাকে অনুরোধ করা হয়।

০৬। জাতীয় শোক দিবস এর কর্মসূচী চলাকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ-কে অনুরোধ করা হয়।

০৭। আগামী ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে। কোন প্রকার কাটা ছেঁড়া, বিবণ রং এর পতাকা উত্তোলন করা যাবে না। ঐ ধরনের পতাকা উত্তোলনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় তদারকি করার জন্য সহকারী কমিশনার, (ভূমি) অফিসার ইনচার্জ, কালিগঞ্জ থানা কে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় জাতীয় শোক দিবসের গৃহীত প্রতিটি কর্মসূচীতে দলমত নির্বিশেষে সকলকে অংশগ্রহণের আহ্বান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৮/২০২৩

(রহিমা সুলতানা বুশরা)
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নং- ৪৪.৪৪.৮৭৪৭.০০০.২৭.০০১.২০.৮৯৮

তারিখ ঃ ০২-০৮- ২০২৩ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

(১) মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩/ সাতক্ষীরা-৪
(২) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৪) ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৫) উপজেলা ................................ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৬) চেয়ারম্যান, ........................................ইউপি(সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
(৭) জনাব ..................................................................., কালিগঞ্জ, সাতক্ষীরা

০২/০৮/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা